

“উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ” শীর্ষক প্রকল্প

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ফোন নং-০২-৫৫০০৭০১৬, আইসিটি টাওয়ার, ১৫ তলা, প্লট: ই-১৪/এক্স, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

গবেষণা প্রস্তাব আহ্বান

“উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ” শীর্ষক প্রকল্প হতে গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে। বাংলাদেশে স্টার্টআপ ইকোসিস্টেম বিনির্মাণের চ্যালেঞ্জ বা প্রতিবন্ধকতাসমূহ খুঁজে বের করা, বাংলাদেশ একটি স্বাস্থ্যকর স্টার্টআপ সংস্কৃতি বিকাশের জন্য সরকার, প্রতিষ্ঠিত স্টার্টআপ ও শিল্প প্রতিষ্ঠান এবং শিক্ষাবিদদের মধ্যে সহযোগিতার ক্ষেত্রে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়ার জন্য করণীয় নির্ধারণ করা, চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় iDEA প্রকল্পের পোর্টফোলিও স্টার্টআপসহ স্টার্টআপ ইকোসিস্টেমের অন্যান্য স্টার্টআপেরা কী অবদান রাখতে পারে তার সম্ভাব্য ক্ষেত্রগুলো চিহ্নিত করা এবং iDEA প্রকল্পের পোর্টফোলিও স্টার্টআপগুলো উন্নত বাংলাদেশে বিনির্মাণে তথা চাকরি তৈরিতে ও অর্থনীতিতে কি অবদান রাখছে তা খুঁজে বের করা সহ স্টার্টআপ সম্পর্কিত অন্যান্য বিষয়েও গবেষণা প্রস্তাব দাখিল করা যাবে। ক্ষুদ্র গবেষণা কর্মের জন্য গবেষণার বাজেট অনূর্ধ্ব ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা (ভ্যাট ও আয়করসহ), মাঝারি গবেষণা কর্মের ৪,০০,০০১ (চার লক্ষ এক) টাকা হতে অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা (ভ্যাট ও আয়করসহ) এবং বড় গবেষণা কর্মের ১০,০০,০০১ (দশ লক্ষ এক) টাকা হতে অনূর্ধ্ব ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা। গবেষণার প্রস্তাব প্রকল্পের ওয়েবসাইটে <https://idea.gov.bd/all-notice> প্রদর্শিত “Research Guideline iDEA 2022” অনুসরণ করে অনলাইনে admin@idea.gov.bd ই-মেইলে Subject হিসেবে ‘idea research proposal’ প্রদান করে আগামী ১০ জুন, ২০২২ খ্রি. রাত ১১.৫৯মিনিট পর্যন্ত জমা দেয়া যাবে অথবা ১২ জুন, ২০২২ খ্রি: অফিস চলাকালীন সময়ে (বিকাল ৫.০০ টা) পর্যন্ত প্রকল্প পরিচালক, “উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ” শীর্ষক প্রকল্প, আইসিটি টাওয়ার আগারগাঁও, শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর সরাসরি জমা দেয়া যাবে। উক্ত নির্দেশনা ব্যত্যয় হলে প্রাপ্ত আবেদন অসম্পূর্ণ হিসেবে গণ্য হবে। প্রয়োজনে যেকোন তথ্যের জন্য মোবাইলে ০১৮১০০৯৬৫০৯ অথবা contact@idea.gov.bd ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


(মোঃ আলতাফ হোসেন)

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)

মুঠোফোন: ০১৮১০০৯৬৫০০, ই-মেইল: pdidea@bcc.gov.bd